

বিজ্ঞপ্তি

তিন বছরের স্নাতক পাঠ্যক্রমে অসংরক্ষিত ও সংরক্ষিত আসনে অনার্স অথবা পাশ কোর্সে আবেদন করার শর্তাবলি

- ❖ উচ্চমাধ্যমিক অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ এবং একশো নম্বরের ইংরেজি পরীক্ষায় পাশ করা ছাত্রছাত্রীরা কলা, বাণিজ্য ও বিজ্ঞান বিভাগের তিন বছরের স্নাতক পাঠ্যক্রমে (অনার্স ও পাশকোর্স) প্রথম বর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ❖ **West Bengal State Council of Vocational Education and Training** এর ভোকেশনাল বিভাগে উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা কেবল মাত্র কলা বিভাগের পাশ কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ❖ উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ করার পাঁচ বছর পর কেউ কোন বিভাগেরই স্নাতক প্রথম বর্ষে ভর্তির আবেদন করতে পারবে না। এই পাঁচ বছরের হিসেবের ক্ষেত্রে ভর্তির বছরকে অর্থাৎ বর্তমান বছরকে ধরা হবে না।
- ❖ সর্বভারতীয় বোর্ড (CBSE, ISC etc.) কিম্বা জাতীয় মুক্ত বিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) উত্তীর্ণদের কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধিনে ভর্তির জন্য **Migration Certificate** লাগবে না।
- ❖ অনার্স কোর্সে ভর্তির জন্য উচ্চমাধ্যমিকে বিভিন্ন বিষয়ে প্রাপ্ত নম্বরের থেকে নম্বরের ভিত্তিতে সেরা চারখানা বিষয়ের প্রাপ্ত নম্বর যোগ করে তার ভিত্তিতে মেধাতালিকা তৈরি হবে। এক্ষেত্রে পরিবেশ বিজ্ঞানে প্রাপ্ত নম্বরকে হিসেবের মধ্যে ধরা হবে না। তবে পরিবেশ বিজ্ঞান যদি কারুর একশো নম্বরের ঐচ্ছিক বিষয় হয় তাহলে এই বিষয়ে প্রাপ্ত নম্বর সেরা চারটি বিষয়ে প্রাপ্ত নম্বরের যোগফলে অন্তর্ভুক্ত হবে।
- ❖ কোন বিষয়ে অনার্স পড়তে চাইলে সেই বিষয়ে ৪৫ শতাংশ নম্বর ও সেরা চারটি বিষয়ে অন্তত ৫০ শতাংশ নম্বর পেতে হবে।
- ❖ যদি কেউ উচ্চমাধ্যমিকে পড়েনি এমন কোন বিষয়ে অনার্স নিতে চায় তাহলে তাকে সেরা চারটি বিষয়ে ৫০ শতাংশ পেতেই হবে এবং অনার্সে পড়ার বাকী শর্তগুলি পূরণ করতে হবে।
- ❖ তবে, তপশিলি জাতি ও উপজাতির অন্তর্ভুক্ত আবেদনকারীরা যে বিষয়ে অনার্স পড়তে চায় সেই বিষয়ে ৪০ শতাংশ ও সেরা চারটি বিষয়েও ৪০ শতাংশ নম্বর পেলেই হবে।
- ❖ ত্রিবার্ষিক স্নাতক পাঠ্যক্রমে ভর্তিতে আসন সংরক্ষণের বিষয়টি **West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Act 2013** এবং **West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Rules, 2014** অনুযায়ী হবে।

আদেশানুসারে